136

দৈনিক ইত্তেফাক

তারিখ 30 APR 1997
পৃঃ 2 কলাম 2

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতি বিস্ফোরণোন্মুখ ॥ ৩টি হল ছাত্রলীগের ও ৩টি শিবিরের দখলে

**চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এবং হলসমূহে চরম উত্তেজনা বিরাজ করিতেছে। ছাত্রলীগ ও ছাত্রশিবির বিভিন্ন হলে বহিরাগত ক্যাডারদের সমাবেশ ঘটাইতেছে। গতকাল (বুধবার) একটি হলের পেশ ইমামসহ অন্ততঃ ১০ জন ছাত্র প্রতিপক্ষের হাতে প্রহৃত হইয়াছে। বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের অবরোধ কর্মসূচী পালনকালে শিবির কর্মীরা সকালে শিক্ষক বহনকারী বিশ্ববিদ্যালয়ের একটি বাস ভাংচুর করে। এ সময় কয়েকজন শিক্ষককে নাজেহাল করিয়া বাস হইতে নামাইয়া দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ৬টি হলের মধ্যে ৩টি হল ছাত্রলীগ এবং ৩টি হল ছাত্র শিবির নিয়ন্ত্রণ করিতেছে। ইতিপূর্বে ৬টি

(১৫শ পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয়

*(প্রথম পৃঃ পর)*

হলেই শিবিরের আধিপত্য থাকিলেও গত মঙ্গলবার ছাত্রলীগ ৩টি হল দখল করিয়া নেয়। ছাত্রলীগ তাহাদের দখলকৃত শাহজালাল, শাহ আমানত এবং শহীদ আবদুর রব হলের নিয়ন্ত্রণ বজায় রাখার জন্য এবং শিবির অবশিষ্ট সোহরাওয়ার্দী, আলাউল এবং এফ রহমান হল দখল রক্ষার জন্য বিপুল সংখ্যক বহিরাগত হলে তুলিয়াছে। হলসমূহ এবং ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন রহিয়াছে। বর্তমানে ফ্যাকাল্টিসহ দক্ষিণ ক্যাম্পাস এলাকা ছাত্রলীগের নিয়ন্ত্রণে, অপরদিকে উত্তর ক্যাম্পাসসহ ২নং গেইট এলাকা শিবির নিয়ন্ত্রণ করিতেছে। বিভিন্ন হলের উত্তেজনাকর পরিস্থিতিতে অধিকাংশ সাধারণ ছাত্র হল ছাড়িয়া গিয়াছে। পুলিশ হল এবং পার্শ্ববর্তী জোবড়া গ্রামে কয়েকবার তল্লাশী চালায়।

গতকাল (বুধবার) সকালে অনির্বাণ চাকমা (৩য় বর্ষ অর্থনীতি), এফ, রহমান হল হইতে তাহার বই-পত্র আনিতে গেলে শিবির কর্মীদের হাতে মারাত্মকভাবে জখম হয়। দুপুরে আবদুর রব হলের সম্মুখে উক্ত হলের পেশ ইমাম সৈয়দ মোসলেহ উদ্দিন ছাত্রলীগ কর্মীদের দ্বারা প্রহৃত হয়। সকালে আশরাফ নামে একজন প্রাক্তন ছাত্র শাহজালাল হলে প্রহৃত হয়। সে হলের প্রভোষ্ট শাহজাহান কবীরের আত্মীয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২রা মে পর্যন্ত ক্লাস বন্ধ এবং ছাত্র শিবির অনির্দিষ্টকালের অবরোধ কর্মসূচী ঘোষণা করায় গতকাল (বুধবার), ক্যাম্পাস ও ফ্যাকাল্টি সম্পূর্ণ ফাঁকা ছিল। তবে সকালে ১ নং সড়ক এবং ফ্যাকাল্টিতে ছাত্রলীগের একটি বিক্ষোভ মিছিল প্রদক্ষিণ করে। গতকাল সকালে ক্যান্টনমেন্ট এলাকায় রেল লাইনের কয়েকটি ফিস প্লেট কে বা কাহারা তুলিয়া ফেলিলে প্রায় দেড় ঘন্টা ট্রেন চলাচল বন্ধ থাকে।

গতকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসস্থ বাসভবনে ভিসি অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে প্রভোষ্ট এবং প্রক্টোরিয়াল বডির এক বৈঠকে, বরাদ্দ প্রাপ্ত ছাত্রদেরকে নিজ নিজ হলে তুলিয়া দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ইহা ছাড়া বহিরাগতদের পুলিশী সোপর্দ করা এবং হলে বরাদ্দ পায় নাই অথচ হলে অবস্থান করিতেছে এমন ছাত্রদের বিরুদ্ধে একাডেমিক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

হাটহাজারী পুলিশ কর্তৃক গত মঙ্গলবার বিভিন্ন হল হইতে গ্রেফতারকৃত শিবিরের ৬ জনকে কোর্টে চালান দেওয়া হয়। তাহাদের বিরুদ্ধে পুলিশ বাদী হইয়া একটি মামলা করিয়াছে।

### স্থগিত

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার জানায়, আজ (বৃহস্পতিবার) বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিতব্য ১৯৯৭ সালের চ্যান্সেলর স্বর্ণপদক রচনা প্রতিযোগিতা স্থগিত করা হইয়াছে।

বিশ্ববিদ্যালয়ের ২য় বর্ষ রসায়ন (কোর্স নং ২০৭) এর ৩রা মে অনুষ্ঠিতব্য পরীক্ষা আগামী ১৪ই মে অনুষ্ঠিত হইবে।